## সংশোধনমূলক শিক্ষণের শিক্ষকের ভূমিকা
## (Role of Teachers in Remedial Teaching)

*Farrant* চিকিৎসক এবং সংশোধনমূলক শিক্ষকের কাজের মধ্যে তুলনা করে বলেছেন, চিকিৎসক যেমন রোগ নির্ণয় করে তা নিরাময়ের জন্য নির্দিষ্ট ওষুধের নিদান দেন তেমনি শিক্ষক একইভাবে শিক্ষার্থীর শিক্ষাগত ত্রুটি/আঘাতের সন্ধান করেন এবং তা নিরাময়ের ব্যবস্থা করেন নিম্নলিখিত কতকগুলি ব্যবস্থা গ্রহণ করার মাধ্যমে—

- শিক্ষার্থী শিক্ষার সবক্ষেত্রে কিংবা বিশেষ কোন্ ক্ষেত্রে পশ্চাৎপদ বা দুর্বল তা নির্ণয় করেন শিক্ষক এবং তার বিস্তার কতখানি তা বোঝার চেষ্টা করেন।
- শিক্ষার্থীর বাড়ির পরিবেশ, তার স্বাস্থ্য, বিদ্যালয়ে উপস্থিতি, বুদ্ধিমত্তা এবং মানসিক ক্ষমতাকে শিক্ষক খুব যত্নের সঙ্গে পর্যবেক্ষণ করেন এবং শিক্ষার্থীর সমস্ত রেকর্ড অনুসন্ধান করে সমস্যার কারণগুলি সন্ধান করেন।
- কোনো ক্ষেত্রে শিক্ষার্থীর দুর্বলতার প্রকৃতি ও পশ্চাৎপদতার মাত্রাকে সঠিকভাবে চিহ্নিত করতে আদর্শায়িত দুর্বলতা নির্ণায়ক অভীক্ষা (Standardised diagnostic test) এবং পারদর্শিতার অভীক্ষাগুলি (Achievement test) ব্যবহার করেন।
- পশ্চাৎপদতা ঘটানোর জন্য দায়ী বিষয়গুলি যাতে শিক্ষার্থীর উপর পুনরায় প্রভাব বিস্তার না করতে পারে, তার জন্য সংশোধনমূলক কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার চেষ্টা করেন।
- দুর্বল, কোনো কারণে পশ্চাৎপদ শিক্ষার্থীকে সাধারণ অবস্থায় যাতে তাড়াতাড়ি ফিরিয়ে আনা যায় তার জন্য চেষ্টা করা হয়।

অতএব 'Remedial Teaching' হল এক বিশেষ ধরনের শিক্ষণ কৌশল যার লক্ষ্য হল শিক্ষার্থীর শিখনে অসুবিধাগুলি দূর করে, নিরাময়ের ব্যবস্থা করে যত দ্রুত সম্ভব তাদের স্বাভাবিক দক্ষতাসম্পন্ন শিশুদের সমকক্ষ করে গড়ে তোলার ব্যবস্থা করা।

Scanned with CamScanner

Assignments)। এ ছাড়াও শিক্ষক প্রতি শিক্ষার্থীর নামের শেষ অক্ষর দিয়ে দল বানাতে পারেন। এটি একটি ঐতিহ্যগত পদ্ধতি। একে বলা হয় ঐতিহ্যগত দল বা অক্ষরভিত্তিক দল নির্মাণ (Alphabetical Group)।

3. **Number Group:** এই ক্ষেত্রে শিক্ষক বিভিন্ন Number-এর ভিত্তিতে যেমন 1, 2, 3, 4 এভাবে ভাগ করে দল তৈরি করতে পারেন। আবার 1-10, 11-20, 21-30 এভাবে দল তৈরি করে বিভিন্ন কাজ দিতে পারেন।

4. **Spontaneous Group:** শ্রেণির পঠনপাঠনের বাইরে শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত দলনির্মাণ করতে পারেন। এক্ষেত্রে তাদের বিভিন্নভাবে দলনির্মাণে শিক্ষক উদ্বুদ্ধ করতে পারেন। যেমন—বন্ধুগোষ্ঠী, ভৌগোলিক গোষ্ঠী অর্থাৎ শ্রেণিকক্ষের যে স্থানে যে বসে সেই স্থানবিশেষে তাদের দল নির্মাণ করতে পারেন বা তাদের বসবাসের স্থানের ভিত্তিতে কে কোন্ জায়গায় থাকে সেইভাবে দল নির্মাণ করতে পারেন। আবার ব্যক্তিগত বৈশিষ্ট্যকে অনুসরণ করে শিক্ষার্থীদের উচ্চতা, চোখের রং, চুলের রং, চশমা পরে কিনা, জন্মমাস ইত্যাদি অনুযায়ী ভাগ করতে পারেন। এটি যে-কোনো পাঠক্রমিক ও সহপাঠক্রমিক কাজের ক্ষেত্রে নির্মাণ করা যেতে পারে। এগুলিকে যথাক্রমে Friendship group, Geographical group বলা যেতে পারে।

## সংশোধনমূলক শিক্ষণের প্রয়োজনীয়তা (Need of Remedial Teaching)

সংশোধনমূলক শিক্ষণ শুধুমাত্র শিক্ষার্থীদের শিক্ষামূলক পরিবেশেই প্রয়োজন হয় না অর্থাৎ জ্ঞানমূলক সমস্যা বাদ দিয়েও শিক্ষার্থীরা তাদের অনুভূতিমূলক এবং মনঃসঞ্চালনমূলক স্তরেও সমস্যার সম্মুখীন হয়। আর এই সমস্ত সমস্যার সমাধানের জন্যই সংশোধনমূলক শিক্ষণের প্রয়োজন হয়। শিক্ষার্থীরা যেসমস্ত বিষয়ে এই দুর্বলতার সম্মুখীন হয় সেগুলি হল—

(i) শিক্ষার্থীর শারীরিক দুর্বলতা, অসুস্থতা অথবা তার শারীরিক ও মানসিক বিকারগ্রস্ততা।

(ii) শিক্ষার্থীর শিখন দুর্বলতার বা শিক্ষাক্ষেত্রে পিছিয়ে পড়ার অন্যতম কারণ হল প্রয়োজনীয় শিক্ষাগত পরিবেশের অভাব এবং শিখন-শিক্ষণ পরিবেশের অস্বাস্থ্যকর অবস্থা।

(iii) শিক্ষার্থীর শারীরিক মানসিক বা প্রক্ষোভগত অভিযোজন অক্ষমতাও শিক্ষার্থীদের শিখন দুর্বলতা সৃষ্টি করে।

উপরোক্ত আলোচনা থেকে বোঝা যায় শিক্ষার্থীর শিখন দুর্বলতা কখনও একটি কারণের প্রেক্ষিতে বা কখনও একাধিক কারণের সংযুক্তিকরণের ফলে জটিল পরিস্থিতিতে গঠিত হতে পারে। একজন শিক্ষকের কর্তব্য হল শিক্ষার্থীর শিখন দুর্বলতার কারণগুলি খুঁজে বার করে তাদের যথাযথ সংশোধনের ব্যবস্থা করা তা ব্যক্তিগত বা দলগত যে প্রকারই হোক না কেন।

Scanned with CamScanner

শ্রেণি শিখন পদ্ধতি অপেক্ষা অনেক সুবিধা দেয়। বর্তমানে ধারণাটি অনেকাং শিক্ষার্থীকেন্দ্রিক পাঠক্রম থেকে উদ্ভূত হয়েছে।

শ্রেণির মধ্যস্থ দল-নির্মাণ বিভিন্ন প্রকারের হতে পারে। নীচে এগুলি আলোচনা করা হল—

1. **Thematic Grouping:** এই ধরনের দল বিষয়গত এলাকার উপর ভিত্তি করে অথবা শিক্ষার্থীদের আগ্রহের উপর ভিত্তি করে গ্রহণ করা হয়। এক্ষেত্রে বিভিন্ন ধরনের দল হতে পারে যেমন—শিক্ষার্থীদের বিভিন্ন ধরনের ফুল বা পাতার অথবা ফলের বিভিন্ন বিষয়গুলি শেখানোর জন্য এবং জানার জন্য দলে ভাগ করা যেতে পারে। এক্ষেত্রে তারা যে বিষয়গুলির ভিত্তিতে দলে ভাগ হবে সেগুলি হল—
   - ফুল/পাতা/ফলের প্রকারভেদ।
   - এগুলির রং।
   - এগুলির আকার।
   - কোন্ সময় কোন্‌টি পাওয়া যায় ইত্যাদি।

   এ ছাড়া বিভিন্ন খেলনা বা তার অংশ যেগুলি পেশাগতভাবে প্রস্তুত করা হয় বা শিক্ষক নিজে প্রস্তুত করেন, বিভিন্ন বিষয়বস্তুর প্রেক্ষিতে সেগুলি পাঠদান করা যায়। এতে শিক্ষার্থীদের যৌক্তিকতা ও বিশ্লেষণাত্মক ক্ষমতার বিকাশ ঘটে। এক্ষেত্রে যে বিষয়গুলি দেখা যেতে পারে তা হল—
   - খেলনার বিভিন্ন অংশগুলির সমন্বয়সাধন তারা কতটা করতে পারছে।
   - বিভিন্ন ছবিকে কার্ডবোর্ডে সেঁটে সেগুলিকে বিভিন্ন অংশে কেটে ভাগ করে দিলে তারা জুড়তে পারছে কিনা।

   এই ধরনের দল নির্মাণ দ্বারা শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ে ভাগ করা যেতে পারে। এবং পরে তাদের থেকে ওই নির্দিষ্ট বিষয়ে তথ্য জানতে চাওয়া হতে পারে। তার উপর তাদের অগ্রগতি বিচার করে শিক্ষক পাঠ দিতে পারেন।

2. **Class Roster Grouping:** এই ধরনের দল আবার তিন ধরনের হতে পারে। যেমন—শিক্ষক প্রথমে কাজের ভিত্তিতে শিক্ষার্থীদের সমান ভাগ করে A, B, C, D এই রকম দলে ভাগ করতে পারেন। আবার প্রতি দল থেকে একজন করে নিয়ে আরও দল বানাতে পারেন (A, B, C, D)। একটি দলে বিভিন্ন সংখ্যার শিক্ষার্থী থাকতে পারে। এরপর শিক্ষক দেখতে পারেন এক-একটি দল কতগুলি করে কাজ করল। একে বলে আবর্তনমূলক সন্নিবেশ (Rotating Assignments)। এ ছাড়া শিক্ষক শ্রেণিতে শিক্ষার্থীদের নাম অনুসারে দল তৈরি করতে পারেন। কাজের প্রকৃতি অনুযায়ী এদের আকার বিভিন্ন রকম হতে পারে। আবার যে দলে যে রকম শিক্ষার্থী থাকে তাদের কাজও সে রকম হতে পারে। একে বলে যথেচ্ছ সন্নিবেশ (Random

Scanned with CamScanner

যোগদানের জন্য পাঠানো হয়। বাকিদের সংশোধনমূলক শিক্ষণ ততক্ষণ পর্যন্ত দান করা হয় যতক্ষণ না তারা পাণ্ডিত্য অর্জন করতে পারছে।

এরপর নতুন একক শুরু করার পূর্বে আবার সমস্ত শ্রেণিকে একত্রিত করা হয়।

**(b) শ্রেণির মধ্যে দল নির্মাণ (Within Class Grouping)**

শ্রেণির মধ্যে দল নির্মাণ হল এক ধরনের পদ্ধতি যেখানে শিক্ষক শিক্ষার্থীদের পারদর্শিতার স্তরের ভিত্তিতে বিভিন্ন দলে বিভক্ত করেন। এক্ষেত্রে শ্রেণির প্রতিটি সদস্যকে একটি দলভুক্ত করা হয়। যেখানে তারা ওই নির্দিষ্ট দলভুক্ত হয়ে একটি বিষয়ের পাঠগ্রহণ করে। এক্ষেত্রে অনেক সময় শ্রেণির অল্প কিছু শিক্ষার্থীকে পৃথক করে দিয়ে বাকি শিক্ষার্থীদের একসঙ্গে নির্দেশদান করা হয়। এই ধরনের দল যেমন একদিকে উচ্চ পারদর্শিতার হারসম্পন্ন শিক্ষার্থীদের আরও উচ্চমানের নির্দেশদানের জন্য করা হয় আবার কখনো-কখনো যারা নিম্ন পারদর্শিতার অধিকারী হয় তাদের প্রয়োজনীয় নির্দেশদানের জন্য করা হয়।

প্রাথমিক স্তরে অনেকক্ষেত্রেই শিক্ষকদের মধ্যে এই ধরনের শিক্ষণ পদ্ধতি অনুসরণ করতে দেখা যায়। যে সমস্ত শ্রেণিকক্ষের এই দল নির্মাণ পদ্ধতি অনুসরণ করা হয় সেখানে সমস্ত শ্রেণির শিক্ষার্থীদের দুই বা ততোধিক দলে বিভক্ত করা হয়। এক্ষেত্রে প্রতিটি দলের নির্দিষ্ট নাম যেমন 'A' group, 'B' group বা বিভিন্ন রং যেমন 'Red' group, 'Blue' group ইত্যাদি পরিচয় থাকে। এই ক্ষেত্রে কোন্ শিক্ষার্থী কোন্ দলভুক্ত হবে তা শিক্ষক ঠিক করেন অথবা বিদ্যালয় সম্পর্কিত জেলাভিত্তিক নির্দেশিকা অনুসরণ করেন। শিক্ষক এক্ষেত্রে বিভিন্ন পরীক্ষা, পূর্বের পারদর্শিতা, বিভিন্ন দক্ষতার ব্যক্তিভিত্তিক মূল্যায়ন প্রভৃতি অনুসরণ করতে পারেন। তবে বেশিরভাগ ক্ষেত্রেই পরীক্ষা ও পর্যবেক্ষণমূলক পদ্ধতি অনুসরণ করা হয়।

এই ধরনের দল নির্মাণের ফলে শিক্ষকরা সহজেই শিক্ষার্থীদের পারদর্শিতার স্তর অর্জনের ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশদান করতে পারেন। এই ধরনের দল নির্মাণ শিক্ষকদের বিভিন্ন ধরনের শিক্ষণ পদ্ধতিগুলি ব্যবহার করতে উদ্দীপিত করে যা শিক্ষার্থীদের সাফল্য অর্জনেও সহায়তা করে। একটি নিম্ন পারদর্শিতার মানসম্পন্ন শিক্ষার্থীগণ পুনরাবৃত্তি, ফ্ল্যাশ কার্ড, ড্রিল প্রভৃতির দ্বারা ধ্বনির উপর ভিত্তিগত পাণ্ডিত্য অর্জনে সক্ষম হয়। আবার উচ্চ পারদর্শিতার মানসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এটি সমভাবে প্রযোজ্য নয়।

গণিত শিক্ষণের ক্ষেত্রে এই দল নির্মাণ অনেকভাবে সহায়তা করে। এক্ষেত্রে যে শিক্ষার্থীদের পারদর্শিতা উচ্চমানের তারা পৃথক দলভুক্ত হলে তারা নতুন ধারণাগুলি আয়ত্ত করতে পারে। আবার যারা ধীর শিক্ষার্থী তারা পৃথক দলে থাকলে তাদের জন্য প্রয়োজনমতো পুনরাবৃত্তি করা হয় এবং তারা তাদের পারদর্শিতা স্তর অনুযায়ী বিষয়ের ধারণা লাভ করে। এই ধরনের দল-নির্মাণ সহজেই শিক্ষার্থীদের প্রাচীন ঐতিহ্যগত

Scanned with CamScanner

- মূল্যায়ন (Evaluation)।

## সংশোধনমূলক শিক্ষণের বিভিন্ন পদ্ধতিসমূহ (Various Procedures of Remedial Teaching)

### (a) সংশোধনমূলক শিক্ষণ (Corrective Teaching)

এই ধরনের শিক্ষণের ক্ষেত্রে পাঠ্য বিষয়বস্তুগুলিকে ছোটো ভাগে ভাগ করে নেওয়া হয়। অর্থাৎ ছোটো ছোটো এককে ভেঙে পাঠদান করা হয়। পাঠের সময় প্রয়োজনীয় তত্ত্বাবধান করা হয়। শিক্ষার্থীদের প্রয়োজনমতো তাদের ব্যক্তিগত নির্দেশনাদান করা হয়। এ ছাড়াও পাঠ্যবিষয়ের পুনঃপাঠ দান করা হয়।

1. **গঠনমূলক মূল্যায়ন (Formative Evaluation):** ছোটো ছোটো এককে পাঠদান করার পর গঠনমূলক মূল্যায়ন দ্বারা শিক্ষার্থীদের ভুলগুলি তৎক্ষণাৎ শুধরে দেওয়া হয়। এতে তারা সহজে পাঠ আয়ত্ত করতে পারে।
2. **কর্মসমাপ্তিমূলক মূল্যায়ন (Summative Evaluation):** প্রতি বিদ্যালয়ে পাঠের শেষে একটি ইউনিট পরীক্ষা নেওয়া হয়। যারা 80% নম্বর পায় তাদের পৃথক দল করে দেওয়া হয় এবং আরও উন্নতমানের কাজ দেওয়া হয়। এভাবে তারা প্রাপ্ত জ্ঞানবৃদ্ধি করে। যারা 80%-এর নীচে নম্বর পায় তাদের সংশোধনমূলক শিক্ষণ দেওয়া হয় অতিরিক্ত সময় নিয়ে। এরপর শিক্ষক আবার একটি পরীক্ষা নেন। যারা 80% নম্বর পায় তাদের উন্নত দলে

Scanned with CamScanner